

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৯৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই হাদীস প্রমাণ করে যে, উল্লেখিত ব্যক্তির কোন সালাত ছুটে যায়নি যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে তা কাযা করার নির্দেশ দিয়েছিলেন, যেমনটা দাবী করে থাকেন তারা, যারা এই হাদীসকে ভুলভাবে ব্যাখ্যা করেছেন এবং নিজের মত করে এর অর্থ বের করেছেন

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ هَذَا الرَّجُلَ لَمْ تَفُتْهُ صَلَاةٌ أَمَرَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَقْضِيَهَا كَمَا زَعَمَ مَنْ حَرَّفَ الْخَبَرَ عَنْ جَهَتِهِ وتأوَّل لَهُ مَا وصفت

আরবী

2495 _ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ الْحَسَنِ بْنِ الشرقي قال: حدثنا أحمد بن الأزهر قَالَ: حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا أَبِي عَنِ ابْنِ إِسْحَاقَ قَالَ: حَدَّثَنِي أَبَانُ بْنُ عَنْ مُجَاهِدٍ عَنْ مُجَاهِدٍ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ: دَخَلَ سُلَيْكُ الْغَطَفَانِيُّ الْمَسْجِدَ يَوْمَ الْجُمُعَةِ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْطُبُ النَّاسَ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْطُبُ النَّاسَ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْطُبُ النَّاسَ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْطُبُ النَّاسَ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْطُبُ النَّاسَ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ فَرَاسُولُ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَمَ اللَّهُ عَلَيْهِ وَلَا تَعُوَّدِن لَمَتْلُ هَذَا) فركعهما ثم جلس.

الراوي: جَابِر المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2495 | خلاصة حكم المحدث: حسن ـ ((الصحيحة)) (466 و 2893).

قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا تعودَنَّ لِمِثْلِ هَذَا) أَرَادَ الْإِبْطَاءَ فِي الْمَجِيءِ إِلَى الْجُمُعَةِ لَا الرَّكْعَتَيْنِ اللَّتَيْنِ أُمر بِهِمَا وَالدَّلِيلُ عَلَى صِحَّةِ هَذَا خَبَرُ ابْنِ عَجْلَانَ الَّذِي تَقَدَّمَ ذِكْرُنَا لَهُ أَنَّهُ أَمَرَهُ فِي الْجُمُعَةِ التَّانِيَةِ أَنْ يَرْكَعَ رَكْعَتَيْنِ مَثْلَهُمَا.

বাংলা

২৪৯৫. জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "সুলাইক আল গাতফানী রাদ্বিয়াল্লাহু আনহু জুমু'আর



দিন মাসজিদে প্রবেশ করে এমন অবস্থায় যে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেসময় লোকদের উদ্দেশ্যে ভাষণ দিচ্ছিলেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বলেন, "দুই রাকা'আত সালাত আদায় কর। এরকম আর দ্বিতীয়বার করবে না।"

তারপর তিনি দুই রাকা'আত সালাত আদায় করেন তারপর তিনি বসে যান।"[1]

আবৃ হাতিম ইবনু হিবানে রহিমাহুল্লাহ বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য "এরকম আর দিতীয়বার করবে না" এর দ্বারা উদ্দেশ্য হলো জুমু'আয় দেরিতে আসা; এর দ্বারা দুই রাকা'আত সালাত উদ্দেশ্য নয়; যা পড়ার জন্য তাকে আদেশ করা হয়েছে।

আমাদের এই ব্যাখ্যার বিশুদ্ধতার উপর প্রমাণ হলো ইবনু ইজলানের হাদীস, যা আমরা পূর্বে উল্লেখ করেছি। সেটা হলো তিনি তাকে দ্বিতীয় জুমু'আয়ও অনুরুপভাবে দুই রাকা'আত সালাত আদায় করার নির্দেশ দিয়েছেন।"

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৮৭৫; সহীহ ইবনু খুয়াইমাহ: ১৮৩৫; সুনান বাইহাকী: ৩/১৯৪; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৫৫১৪; দারাকুতনী: ২/১৩-১৪; মুসনাদ আহমাদ: ৩/২৯৭; আবৃ দাউদ: ১১১৭; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/১৪০; আত তায়ালিসী: ১৬৯৫; দারেমী: ১/৩৬৪; সহীহ আল বুখারী: ৯৩০; তিরমিযী: ৫১০; নাসাঈ: ৩/১০৩; ইবনু মাজাহ: ১১১২; তাহাবী: ১/৩৬৫; ইবনুল জারূদ: ২৯৩; বাগাবী: ১০৮৩; নাসাঈ আল কুবরা: ২/৩৪০।

মুসনাদ আবী ইয়ালা: ১০৫; ইবনু মাজাহ: ১১১৪; আবূ দাউদ: ১১১৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/১১০; তাহাবী: ১/৩৬৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১০২৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন